

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকর্ম : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,  
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৪৫/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ১০ অক্টোবর, মঙ্গলবার ২০২৩, ২৫ আশ্বিন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। সিটি কর্পোরেশন আইনে গুরুত্বপূর্ণ পরিবর্তন আনল সরকার
- ০২। সড়ক নির্মাণ কাজের উদ্বোধন
- ০৩। ময়মনসিংহে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ পালিত
- ০৪। শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভা

### ০১। সিটি কর্পোরেশন আইনে গুরুত্বপূর্ণ পরিবর্তন আনল সরকার

নির্বাচনের সময় কমিয়ে আনা ও কাউন্সিলরদের ছুটি কমানোসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তন এনে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন ২০২৩' এর খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে সরকার। সোমবার (০৯ অক্টোবর) সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে এই অনুমোদন দেয়া হয়। বৈঠক শেষে সচিবালয়ে ব্রিফিংয়ে মন্ত্রীপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন এ তথ্য জানান। তিনি বলেন, সিটি কর্পোরেশনের মেয়াদ শেষের আগের ছয় মাসের মধ্যে নির্বাচন করতে হতো, এখন তিন মাসের মধ্যে করতে হবে। আর শপথ নেয়ার ১৫ কার্যদিবসের মধ্যে প্রথম বৈঠক করতে হবে। কাউন্সিলররা আগে তিন মাস ছুটি ভোগ করতে পারতেন। এখন এটা কমিয়ে একমাস করা হয়েছে। সূত্র: দৈনিক স্বজন।

### ০২। সড়ক নির্মাণ কাজের উদ্বোধন

সোমবার (০৯ অক্টোবর) বিকেলে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ৩১ নং ওয়ার্ডের প্রায় পৌনে ৫ কোটি টাকা ব্যয়ে নির্মিতব্য একটি সড়কের নির্মাণ কাজ উদ্বোধন করা হয়েছে। জয়বাংলা বাজার থেকে জিন্মা মিয়ার বাড়ি পর্যন্ত এ সড়কের মোট দৈর্ঘ্য ২২০০ মিটার। অপরদিকে নগরীর ধর্ম সভা দুর্গাবাড়ি মন্দিরের সংযোগ সড়কে সিসি দ্বারা উন্নয়ন কাজের উদ্বোধন করা হয়েছে। সড়কগুলোর নির্মাণ কাজের উদ্বোধন করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটু। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস ও আজকের বাংলাদেশ।

### ০৩। ময়মনসিংহে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ পালিত

ময়মনসিংহে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ পালিত হয়েছে। সোমবার (০৮ অক্টোবর) নগরীর আকুয়ায় সরকারি শিশু পরিবার বালিকা চত্বরে জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমির আয়োজনে এ উপলক্ষ্যে আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন এবং পুরস্কার বিতরণ করেন ময়মনসিংহ জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

### ০৪। শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভা

আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৩ যথাযোগ্য মর্যাদায়, নির্বিঘ্নে ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ময়মনসিংহের মুক্তাগাছা, ঈশ্বরগঞ্জ, শেরপুরের নকলা, শ্রীবরদী, জামালপুরের মেলান্দহে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। নিজ নিজ উপজেলা প্রশাসনের আয়োজনে প্রস্তুতিমূলক সভাসমূহ অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও আজকের বাংলাদেশ।

## সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন:** দেশে ডেঙ্গু ভয়াবহ আকার ধারণ করেছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরে এ পর্যন্ত এক হাজারের মতো মানুষ ডেঙ্গুতে মারা গেছেন আর হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে চিকিৎসা নিয়েছেন প্রায় দুই লাখ। এমন পরিস্থিতিতে ভালো খবর হলো যুক্তরাষ্ট্রের একটি প্রতিষ্ঠানের ডেঙ্গু প্রতিরোধী টিকা আবিষ্কার। এ টিকার দ্বিতীয় ধাপের পরীক্ষা হয় বাংলাদেশে। টিকাটি যদি কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদন পায় তাহলে তা যাতে মানুষ বিনামূল্যে বা সাশ্রয়ী মূল্যে পায় তা নিশ্চিত করতে হবে।
- (খ) **দৈনিক স্বদেশ সংবাদ:** বর্তমানে দেশে মাদকাসক্তের সংখ্যা প্রায় ৩৬ লাখ। এর মধ্যে প্রাপ্তবয়স্ক ৩৫ লাখ ৩৫ হাজার ৩০০ আর ০৭ বছরের কম বয়সী শিশু-কিশোর, তরুণদের মধ্যে মাদকাসক্তের সংখ্যা ৫৬ হাজারের কিছু বেশি। মাদকাসক্তের প্রধান কারণ হলো বেকারত্ব, দরিদ্রতা, মানসিকতা। এক্ষেত্রে পরিবারের উদাসীনতাও দায়ী। মাদকাসক্তির সমস্যা থেকে পরিত্রাণে পরিবার থেকে সমাজ এবং সরকার সকলকেই ভূমিকা পালন করতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

- ০১। ঘাতক মাদকের ছোবল থেকে দেশ বাঁচাতে হবে- খোকন আহমেদ হীরা (দৈনিক সবুজ)
- ০২। ভিসানীতি নিয়ে অহেতুক ভীতি- নিরঞ্জন রায় (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৩। প্রাথমিক পর্যায়ে পুষ্টি সেবা নিশ্চিতকরণ: স্কুল মিল্ক ফিডিং হতে পারে এক অনন্য উদ্যোগ- মোহাম্মদ নাহিদ হাসান খান (দৈনিক নিউ টাইমস)
০৪. শরৎ-এ প্রকৃতির নতুন রূপ- প্রকাশ ঘোষ বিধান (আজকের বাংলাদেশ)

#